গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২২৩

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

২। আজ ২১ আগস্ট ২০২৪ তারিখ সকাল ০৯:৪৫ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ
খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, টাংগাইল, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ২১ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: বাংলাদেশের মধ্যাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি গুরুত্বহীন হয়ে মৌসুমী বায়ুর অক্ষের সাথে মিলিত হয়েছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিম বঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ
প্রথম দিন (২১.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):
বৃষ্টিপাত: ঢাকা, **রাজশাহী**, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

দ্বিতীয় দিন (২২.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):
বৃষ্টিপাত: ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (২৩.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):

বৃষ্টিপাত: ঢাকা, বরিশাল, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং **খুলনা**, রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা **সামান্য বৃদ্ধি পেতে** পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: এই সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্রগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.২	৩৩.২	৩৩.৫	৩০.৯	২৯.০	৩০.৮	**৩৪.০**	৩০.১
সর্বনিম্ন তাপমাত্রা	**২৪.৫**	২৫.৩	**২৪.৯**	২৫.৭	২৫.০	২৫.০	২৫.৮	২৫.৫

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৪.০° সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টাংগাইল ২৪.৫° সে।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

(০৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/২১ আগস্ট, ২০২৪ খ্রিঃ)

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে। আগামী ২৪ ঘণ্টায় এ সকল নদীর পানি সমতল হ্রাস পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চল ও পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ফলে এ সময় উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার প্রধান নদীসমূহের পানি সমতল কতিপয় পয়েন্টে সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই ও সারিগোয়াইন নদীর পানি সমতল কতিপয় পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে এবং নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ফলে এ সময় এ অঞ্চলের মুহরী, ফেনী, হালদা, সাঙ্গু, মাতামুহরি ও গোমতী ইত্যাদি নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় ফেনী ও চট্রগ্রাম জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি উন্নতি হতে পারে।

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৬২	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস	৫০	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	০৪	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০৯
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা	০৫	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	০৭
বিপদসীমার উপরে নদীসমূহের নাম	সুনামগঞ্জ, **মৌলভীবাজার**, **হবিগঞ্জ**, **ফেনী**, চট্রগ্রাম		
বন্যা আক্রান্ত জেলার নাম	সুনামগঞ্জ, **মৌলভীবাজার**, **হবিগঞ্জ**, **ফেনী**, চট্রগ্রাম		

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

ক্রঃ নং	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
১	কুশিয়ারা	মারকুলী	সুনামগঞ্জ	৭.০৫	৭.১১	+২৮	+৬
২	মনু	মনু রেলওয়ে ব্রিজ	মৌলভীবাজার	১৭.৫৫	১৮.৫০	+১৫৫	+৯৫
৩	মনু	মৌলভীবাজার	মৌলভীবাজার	১১.৩০	১১.৯৫	+১১৬	+৬৫
৪	ধলাই	কমলগঞ্জ	মৌলভীবাজার	১৯.৩৫	১৯.৮১	+৩২	+৪৬
৫	খোয়াই	বাল্লা	হবিগঞ্জ	২১.২০	২৩.১৭	+১৪২	+১৯৭
৬	খোয়াই	হবিগঞ্জ	হবিগঞ্জ	৯.০৫	১০.৯৫	+৩১৫	+১৯০
৭	মুহরি	পরশুরাম	ফেনী	১২.৫৫	১৩.২৫	+৭	+৭০
৮	ফেনী	রামগড়	চট্রগ্রাম	১৬.৯০	১৭.২২	+১৮৯	+৩২
৯	হালদা	নারায়ণহাট	চট্রগ্রাম	১৪.৮০	১৫.৮০	+১৯৮	+১০০

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
মহেশখোলা (সুনামগঞ্জ)	২১৫.০	দক্ষিণবাগ (মৌলভীবাজার)	১৭৫.০	ব্রাহ্মণবাড়িয়া	১৭০.০
জারিজাঞ্জাইল (নেত্রকোনা)	১৬০.০	ভৈরব বাজার	১৫৬.০	নারায়ণহাট (চট্টগ্রাম)	১৫৬.০
দূর্গাপুর (নেত্রকোনা)	১৩৯.০	লরেরগড় (সুনামগঞ্জ)	১৩০.০	ময়মনসিংহ	১০৬.০
নরসিংদী	১০৩.০	সুনামগঞ্জ	১০০.০	চাঁদপুর	১০০.০
চট্টগ্রাম	৯৫.০	সিরাজগঞ্জ	৯৪.০	চিলমারী (কুড়িগ্রাম)	৯২.০
ইটাখোলা (হবিগঞ্জ)	৮৫.০	রামগড় (চট্টগ্রাম)	৮০.০	জাফলং (সিলেট)	৭৫.০
লালাখাল (সিলেট)	৬৫.০	চাঁদপুর বাগান (হবিগঞ্জ)	৫৯.০	পরশুরাম (ফেনী)	৫৭.০
রাঙ্গামাটি	৫৭.০	নাকুয়াগাও (শেরপুর)	৫৬.০	কুমিল্লা	৫৫.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি (মেঘালয়)	৩০৩.০	আগরতলা (ত্রিপুরা)	১৮২.০	আইজল (মিজোরাম)	৭৭.০
দার্জিলিং	৬৫.০	তেজপুর (আসাম)	৬০.০	মনুঘাট (ত্রিপুরা)	৫৬.০
শীলং (মেঘালয়)	৫৫.০	কৈলাশহর (ত্রিপুরা)	৫১.০	বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা)	৪৬.০

৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২০ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	১	০	০
৭।	খুলনা	০	০	০
৮।	রংপুর	২	০	০
	মোট	১১	০	০

২১-০৮-২০২৪

জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;

৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);

৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;

৯। জেলা প্রশাসক (সকল);

১০। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১২। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং

১৩। সহকারী পরিচালক (সকল)।

২১-০৮-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা